দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 1 6 2000 ...
পৃষ্ঠা 72 কলাম 8

# চবি খুলেছে ॥ প্রথম দিনেই শিবিরের অস্ত্রের মুখে স্টাফ বাস ছিনতাই

চট্টগ্রাম ভার্সিটি সংবাদদাতা ॥ কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র হলসমূহ খুলে দেয়া হয়েছে। লাগাতার অবরোধের প্রথম দিনেই শিবির ক্যাডাররা অস্ত্রের মুখে ৬ ঘণ্টার জন্য হাইজ্যাক করে

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## চবি খুলেছে

(১২-এর পাতার পর)

নিজেদের কব্জায় রাখে বিশ্ববিদ্যালয়ের ২টি স্টাফ বাস। দীর্ঘ এক মাস ছুটির পর আজ রবিবার থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ শুরুর কথা রয়েছে। তবে ছাত্র ছাত্রীদের মনে এখনও ভীতির শঙ্কা কাটেনি।

গত ১৯ ডিসেম্বর ক্যাম্পাসে ছাত্রলীগ-শিবির বন্দুকযুদ্ধে ২ শিবির নেতা নিহত হওয়ার পর ২০ ডিসেম্বর সকল ছাত্রদের হলত্যাগের নির্দেশ দেয়া হয়। পূর্বঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী শনিবার পুনরায় হলসমূহ খুলে দেয়া হয়। সকাল ১০ টায় খোলার পর পরই ৬টি হলের মধ্যে ৪টিতেই ছাত্র শিবির নিয়ন্ত্রণ নেয়। শিবির নিয়ন্ত্রিত এফ রহমান, আব্দুর রব, সোহরাওয়ার্দী ও আলাওল হলে শতাধিক শিবির নেতা-কর্মী উঠেছে। ছাত্রলীগের ঘাঁটি হিসাবে চিহ্নিত শাহ আমানত ও শাহ জালাল হলে যথাক্রমে ৬ জন ও ৫ জন করে ছাত্রলীগ কর্মীও উঠেছে। এদিকে দুই শিবির নেতা হত্যাকারীদের গ্রেফতারের দাবিতে শিবির আহূত লাগাতার অবরোধের প্রথম দিনে শিবির ক্যাডাররা সকালে বিশ্ববিদ্যালয় অভিমুখী ২টি স্টাফ বাস হাইজ্যাক করে নিয়ে যায়। সকাল সাড়ে ৮টায় স্টাফ বহনকারী নোয়াখালী ব-১৮৭৩ নং বাসটি আন্দরকিল্লা মোড়ে এসে পৌছলে ৫/৬ জন সশস্ত্র ক্যাডার বাসে উঠে অস্ত্রের মুখে স্টাফদের নামিয়ে দিয়ে বাসটি নিয়ে চলে যায়। একইভাবে সকাল ৯টায় বিশ্ববিদ্যালয় অভিমুখী অপর একটি স্টাফ বাসে ক্যাডাররা উঠে স্টাফদের নামিয়ে দেয় এবং বাসচালক ও হেলপারকে প্রাণনাশের হুমকি প্রদান করে। ক্যাডাররা বাসটি নিয়ে উধাও হয়ে যায়। পরে দুপুরনাগাদ নগরীর বিভিন্ন স্থান থেকে বাস দু'টি উদ্ধার করা হয়। অবরোধ চলাকালীন শহর থেকে একটি শিক্ষক বাস যাওয়া ছাড়া ক্যাম্পাসে কোন যানবাহন চলাচল করেনি। অফিসে শিক্ষক কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি ছিল নগণ্য। অপ্রীতিকর ঘটনার আশঙ্কায় ক্যাম্পাস ও হলে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে দীর্ঘ একমাস বন্ধের পর আজ থেকে পুনরায় বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ চালুর কথা রয়েছে। তবে অবরোধকে সামনে রেখে শাটল ট্রেন ও শিক্ষক বাসে শিবির ক্যাডারদের চোরাগুপ্তা হামলার আশঙ্কা করা হচ্ছে। তবে প্রতিটি রেল স্টেশনেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে বলে প্রশাসন সূত্র জানায়। শিবিরের অবরোধ প্রতিহত করতে ছাত্রলীগও আজ মাঠে নামতে পারে বলে ছাত্রলীগ সূত্র জানায়। ঈদের ছুটি কাটিয়ে ছাত্রলীগের সকল নেতা-কর্মী এখনও পর্যন্ত এসে না পৌছায় ছাত্রলীগকে শনিবার ক্যাম্পাসে তেমন একটা দেখা যায়নি।